

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩০২৯

## ২৭/ আদব

পরিচ্ছেদঃ উলামা, বয়স্ক ও সম্মানী ব্যক্তিদের শ্রদ্ধা করা, তাঁদেরকে অন্যান্যদের উপর প্রাধান্য দেওয়া, তাঁদের উচ্চ আসন দেওয়া এবং তাঁদের মর্যাদা প্রকাশ করার বিবরণ

## আরবী

وَعَنْ أَبِيْ مَسعُودٍ عُقبَةَ بنِ عَمرٍ البَدرِي الأَنصَارِي قَالَ: قَالَ رَسُوْلُ اللهِ عَلَيْ يَؤُمُّ القَوْمَ أَقْرَوُهُمْ لِكِتَابِ الله فَإِنْ كَانُوا في القِراءَةِ سَوَاءً فَأَعْلَمُهُمْ بِالسُّنَّةِ فَإِنْ كَانُوا في القِراءَةِ سَوَاءً فَأَقْدَمُهُمْ سِنّاً وَلاَ يَوُمَّنَّ الرَّجُلُ السُّنَّةِ سَوَاءً فَأَقْدَمُهُمْ سِنّاً وَلاَ يَوُمَّنَّ الرَّجُلُ السَّنَّةِ سَوَاءً فَأَقْدَمُهُمْ سِنّاً وَلاَ يَوُمَّنَّ الرَّجُلُ السَّنَّةِ سَوَاءً فَأَقْدَمُهُمْ سِنّاً وَلاَ يَوُمُّنَّ الرَّجُلُ الرَّجُلُ في سُلْطَانِهِ وَلاَ يَقْعُدْ في بَيْتِهِ عَلَى تَكْرِمَتِهِ إلاَّ بِإِذْنهِ رواه مسلم وَفِي روَايَةٍ لَهُ فَأَقْدَمُهُمْ سِلْماً بَدَلَ سِنّاً : أيْ إسْلاماً وَفِي روَايَةٍ يَوُمُّ القَومَ أَقْرَوُهُمْ لِكِتَابِ اللهِ وَأَقْدَمُهُمْ قِراءةً فَإِنْ كَانَتْ قِرَاءتُهُمْ سَوَاءً فَيَوَمُّهُمْ أَقْدَمُهُمْ هُجْرَةً فَإِنْ كَانُوا في الهِجْرَةِ سَواء فَليَوْمُهُمْ أَكْبَرُهُمْ سِنّاً

## বাংলা

আল্লাহ তাআলা বলেন.

قُلْ هَلْ يَسْتَوي الَّذِينَ يَعْلَمُونَ وَالَّذِينَ لا يَعْلَمُونَ إِنَّمَا يَتَذَكَّرُ أُولُو الأَلْبَاب

অর্থাৎ, বল, যারা জানে এবং যারা জানে না তারা কি সমান? বুদ্ধিমান লোকেরাই কেবল উপদেশ গ্রহণ করে। (সূরা যুমার ৯)

(৩০২৯) আবূ মাসঊদ উক্কবাহ ইবনে আমর বাদরী আনসারী (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, জামাআতের ইমামতি ঐ ব্যক্তি করবে, যে তাদের মধ্যে সবচেয়ে ভাল কুরআন পড়তে জানে। যদি তারা পড়াতে সমান হয়, তাহলে তাদের মধ্যে যে সুন্নাহ (হাদীস) বেশী জানে সে (ইমামতি করবে)। অতঃপর তারা যদি সুন্নাহতে সমান হয়, তাহলে তাদের মধ্যে সর্বাগ্রে হিজরতকারী। যদি হিজরতে সমান হয়, তাহলে তাদের মধ্যে বয়োজ্যেষ্ঠ (ইমামতি করবে)। আর কোন ব্যক্তি যেন কোন ব্যক্তির নেতৃত্বস্থলে ইমামতি না করে এবং



গৃহে তার বিশেষ আসনে তার বিনা অনুমতিতে না বসে।

অন্য এক বর্ণনায় 'বয়োজ্যেষ্ঠ'র পরিবর্তে 'সর্বাগ্রে ইসলাম গ্রহণকারী' শব্দ রয়েছে।

আর এক বর্ণনায় আছে, জামাআতের ইমামতি করবে, যে তাদের মধ্যে বেশী ভালো কুরআন পড়তে পারে, যার কিরাআত বেশী ভালো, অতঃপর কিরাআতে সবাই সমান হলে সে ইমামতি করবে, যে তাদের মধ্যে আগে হিজরত করেছে। হিজরতে সবাই সমান হলে সে ইমামতি করবে, যে তাদের মধ্যে বয়সে বড়। (মুসলিম ১৫৬১-১৫৬৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন